

**2021**  
**BENGALI**  
**[HONOURS]**  
**Paper : IV**

Full Marks : 100

Time : 4 Hours

*The figures in the right-hand margin indicate marks.  
 Candidates are required to give their answers in  
 their own words as far as practicable.*

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 5 = 5$
- ক) ‘দুই জাতিই জগতের প্রথম ও প্রধান শিক্ষক’  
 — কোন্ দুই জাতির কথা বলা হয়েছে?  
 খ) “সেগুলি প্রাচীন ভারতের জয় ঘোষণা করিতেছে”  
 — কিসের মাধ্যমে প্রাচীন ভারতের জয় ঘোষিত হচ্ছে?  
 গ) ‘পঞ্চকেদার’ কার লেখা কোন্ শ্রেণীর গ্রন্থ?  
 ঘ) ‘গ্রেখক শ্রীলিলিতকুমার মুখোপাধ্যায়’ — প্রাবন্ধিক প্রমথ  
 চৌধুরী এই লেখকের কোন্ রচনার কথা উল্লেখ  
 করেছেন?  
 ঙ) চন্দ্রপীড়ের মাতার নাম কী?  
 চ) “কুস্তিলক ও plagiarist শব্দের অর্থ জিজ্ঞাসা করিলেন”  
 — এই দুই শব্দের অর্থ কী?  
 ছ) পত্রসাহিত্যের আঙিকে লেখা একটি বাংলা উপন্যাস ও  
 একটি কাব্যের নাম লেখকের নামসহ লেখো।

- ২। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 10 = 20$
- ক) ‘ব্যাপারটা কিছু তিক্ত হইলেও আখেরে কাজে লাগিল’  
 — কোন্ ব্যাপারটিকে তিক্ত বলা হয়েছে এবং কে এ  
 ব্যাপারে শিক্ষাদান করেছিলেন?  
 খ) কোন্ জার্মান দার্শনিক ভেবেছিলেন যে, তাঁর মাতৃভাষা  
 দর্শনগ্রন্থ রচনার পক্ষে উপযোগী নয়? কার রচনা তাঁর  
 এই ভাবনাকে ভুল প্রমাণিত করে?  
 গ) ‘এত উৎসাহে গ্রীকদিগের যে সর্বাঙ্গীণ সুন্দর শিক্ষা হইবে  
 আশ্চর্য কি?’ — গ্রীকদের কিভাবে উৎসাহিত করা হত?  
 ঘ) ঔপন্যাসিক বক্ষিমচন্দ্রের ‘চন্দ্রশেখর’ উপন্যাসের প্রধান  
 তিনটি চরিত্রের সঙ্গে টেনিসনের কোন্ কাব্যের কোন্  
 তিনটি চরিত্রের সাদৃশ্য খুঁজে পাওয়া যায়?  
 ঙ) ‘বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃগ্রোড়ে’ — কোন্  
 প্রসঙ্গে লেখক এই উক্তি করেছেন?  
 চ) ‘বর্তমান সমস্যা’ কোন্ প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত? এই গ্রন্থের  
 অন্য প্রবন্ধগুলির মধ্যে যে কোনো একটির নাম লেখো।  
 ছ) ‘ঠিক যেন শেষ রাত্রের পদ্ম’  
 — শেষ রাত্রের পদ্মের সঙ্গে কার তুলনা করা হয়েছে?  
 কেন?  
 জ) “এই কল্যাণী ইচ্ছাই উৎসবের প্রাণ” — ইচ্ছাটি কী?  
 ঝ) “প্রথমখানি গন্ধমাদন বিশেষ .... দ্বিতীয়খানি কিছু কৃশ  
 হইলেও আশু প্রাণঘাতী”  
 — কার, কোন্ দুটি গ্রন্থ সম্পর্কে একথা বলা হয়েছে?  
 ঞ) “কিয়ৎপরেই ‘কুমারী’র ডাল হইতে সেই শ্লোক আবার  
 উচ্চারিত হইল” — শ্লোকটির প্রথম পংক্তি লেখো।

- ট) “এই বন্দোবস্ত দেখিয়া বড় পরিত্পত্তি হইলাম”  
 — লেখক কোন্ বন্দোবস্ত দেখে কেন পরিত্পত্তি হয়েছিলেন?
- ঠ) ‘উভয়ে একত্র বর্তমান’ — কোন্ বিষয়ের কথা বলা হয়েছে? প্রসঙ্গ নির্দেশ করো।
- ৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $6 \times 5 = 30$
- ক) ভ্রমণসাহিত্যের সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে লেখকের নামসহ চারটি উল্লেখযোগ্য বাংলা ভ্রমণসাহিত্যের নাম লেখো।
- খ) ‘কালেজি শিক্ষার অনেক উৎকৃষ্ট গুণ আছে বলিয়াই আমরা উহার দোষ প্রদর্শনে এত যত্নবান হইয়াছি’ — প্রাবন্ধিক কেন একথা বলেছেন?
- গ) ‘একলয়ের মতোই ড.সেনের কল্পিত মুর্তি খাঁড়া করিয়া বাংলা সাহিত্যের ইতিবৃত্তের জটিল গ্রন্থি মোচনে প্রবৃত্ত হইলাম’ — কোন্ উদ্দেশ্য সামনে রেখে প্রাবন্ধিক কীভাবে এই চেষ্টায় রত হয়েছিলেন, তার সংক্ষিপ্ত বিবরণ দাও।
- ঘ) ‘মনুষ্য ইতিহাসে এই মুষ্টিমেয় অলৌকিক বীর্যশালী জাতি এক অপূর্ব দৃষ্টান্ত’ — কোন্ জাতি প্রসঙ্গে কেন একথা বলা হয়েছে, তা পাঠ্য অনুসরণে লেখো।
- ঙ) বিষয়গৌরবী প্রবন্ধ ও আত্মগৌরবী প্রবন্ধের মূল পার্থক্যগুলি চিহ্নিত করো। বাংলায় দুধরনের প্রবন্ধের একটি করে নির্দেশনসহ তাদের বৈশিষ্ট্যের পরিচয় দাও।
- চ) বিজাতীয় ভাষায় শিক্ষালাভের অসুবিধাগুলি লেখককে অনুসরণ করে ব্যাখ্যা করো।

- ছ) বক্ষিমচন্দ্রের যুগকে কেহ কেহ 'Hindu Revival' বা 'হিন্দুর নব-জাগরণের যুগ' বলিয়া থাকেন?’  
 — কোন্ প্রবন্ধের অংশ? এ বিষয়ে প্রাবন্ধিকের দৃষ্টিভঙ্গি বিশ্লেষণ করো।
- জ) ‘পালামৌ’ গ্রন্থ অবলম্বনে কোল জাতির ন্যূন্যের পরিচয় দাও।
- ৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :  $15 \times 3 = 45$
- ক) “আজ তাঁহার সংবর্ধনা উপলক্ষে তাঁহার কাছে অধমর্ণের ঝণ স্বীকার করিয়া বিদায় লই”  
 — কার সম্পর্কে একথা বলা হয়েছে? ‘অধমণ্ড’ কীভাবে উত্তমর্ণের প্রতি তার ঝণ স্বীকার করেছেন, পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বিশদভাবে লেখো।
- খ) হাস্যরস ‘পালামৌ’ প্রবন্ধটিকে রমণীয় রসে অভিযন্ত করে অন্য মাত্রা দিয়েছে — আলোচনা করো।
- গ) ‘আধুনিক বাংলা সাহিত্যে রোমান্টিক ভাবধারা’ প্রবন্ধে প্রাবন্ধিক ক্লাসিকাল ও রোমান্টিক রচনারীতির তুলনামূলক আলোচনা করে আধুনিক বাংলা সাহিত্যের গতিপ্রকৃতি সম্পর্কে যেভাবে আলোচনার গভীরে প্রবেশ করেছেন তা বিশদ ভাবে লেখো।
- ঘ) ‘আমাদের উৎসবে এই অস্তরেরই প্রথম প্রতিষ্ঠা’  
 — প্রাবন্ধিক পুরাতন ও নতুনকালের উৎসব প্রসঙ্গে আলোচনা করে কীভাবে এই সিন্ধান্তে উপনীত হয়েছেন তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও।
- ঙ) ‘গল্লগুচ্ছ’ আশ্চর্য বই। ইতিহাসের দিক থেকে আশ্চর্য, আস্তরিক মূল্যেও তা-ই।’ — প্রাবন্ধিকের এমন মন্তব্যের কারণ মতামতসহ উল্লেখ করো।